# আওয়ামী লীগ নেত্রী ও অভিনয়শিল্পী শমী কায়সার জামিনে কারামুক্ত



সংগৃহীত ছবি

অভিনেত্রী ও সদ্যঘোষিত নিষিদ্ধ রাজনৈতিক দল আওয়ামী লীগের মুক্তিযুদ্ধবিষয়ক উপ-কমিটির সদস্য শমী কায়সার জামিনে কারামুক্ত হয়েছেন। বৃহস্পতিবার (১৪ আগস্ট) রাত ১০টা ৪০ মিনিটে কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে তিনি মুক্তি পান। বিষয়টি নিশ্চিত করেছেন কারা সদর দপ্তরের অতিরিক্ত কারা মহাপরিদর্শক মো. জাহাঙ্গীর কবির।

এর আগে, গত ৫ নভেম্বর রাতে রাজধানীর উত্তরা ৪ নম্বর সেক্টরের একটি বাসা থেকে শমী কায়সারকে গ্রেপ্তার করা হয়। ২০২৪ সালের জুলাই–অগাস্টের গণঅভ্যুত্থানে সংগঠিত গণহত্যার সঙ্গে সম্পর্কিত উত্তরা পূর্ব থানায় পৃথক দুটি হত্যাচেষ্টা মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়েছিল।

গত ১০ আগস্ট হাইকোর্টের বিচারপতি এএসএম আবদুল মবিন ও বিচারপতি মো. জাবিদ হোসেনের সমন্বয়ে গঠিত বেঞ্চে জুবায়ের হাসান ইউসুফ হত্যাচেষ্টা মামলায় তিনি জামিন পান। একই সঙ্গে ব্যবসায়ী ইশতিয়াক মাহমুদকে হত্যাচেষ্টার অন্য মামলাতেও জামিন মিলে। অন্য কোনো মামলা না থাকায় তিনি মুক্তি লাভ করেন।

শমী কায়সার বাংলাদেশ ই-কমার্স অ্যাসোসিয়েশন (ই-ক্যাব)-এর সভাপতিও ছিলেন। সরকার পতনের পর, গত বছরের ১৪ আগস্ট তিনি ই-ক্যাব সভাপতির পদ থেকে পদত্যাগ করেন। তিনি শহীদ বুদ্ধিজীবী শহীদুল্লা কায়সার ও লেখক-গবেষক, শিশু সংগঠক ও সাবেক সংসদ সদস্য পান্না কায়সারের মেয়ে। নব্বইয়ের দশকে অভিনয়ে জনপ্রিয়তা পাওয়া শমী পরবর্তীতে প্রযোজক ও উদ্যোক্তা হিসেবেও কাজ করেছেন। এছাড়া, আওয়ামী লীগের মুক্তিযুদ্ধবিষয়ক উপ-কমিটির সদস্য হিসেবে রাজনৈতিক অঙ্গনেও সক্রিয় ছিলেন। দ্বাদশ জাতীয় নির্বাচনে ফেনী-৩ আসনে আওয়ামী লীগের মনোনয়ন চেয়েও তা পাননি।